গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ২.২.১ অনুযায়ী সেবা প্রদান বিষয়ে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত অবহিতকরণ ২য় সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: আবদুল ওয়াহাব ভূঞা<br>মহাপরিচালক (গ্রেড-১) |
| সভার তারিখ ও সময় | : | ১৩ মার্চ, ২০২৩ খ্রি:, বেলা ১১.৩০ টা |
| সভার স্থান | : | অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-৭) |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, জনপ্রশাসনে দায়বদ্ধতা বৃদ্ধি ও সরকারি সেবা প্রদান বিষয়ে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অবহিকরণ সভা আয়োজনের বিষয়টি অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা এর কর্মসম্পাদন সূচক ২.২.১ এ অন্তর্ভুক্ত করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন।

২। অত:পর সভায় গত ২০ ডিসেম্বর, ২০২২ তারিখে এ বিষয়ে অনুষ্ঠিত ১ম সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নবর্ণিতভাবে উপস্থাপন করা হয় :

| ক্রম | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ২.১ | লাইসেন্স নবায়ন ও মাদকদ্রব্য জাতীয় কাঁচামাল আমদানীর পূর্বানুমতির জন্য সংশ্লিষ্ট বিধিমালা ও চেকলিস্ট অনুযায়ী কাগজপত্র সংযুক্ত করে আবেদন জমা দিতে হবে। আবেদন দাখিলের ক্ষেত্রে অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোডকৃত সিটিজেন চার্টারে উল্লিখিত সময় অনুসরণ করতে হবে। | সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত ১৮/০১/২০২৩ তারিখে মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করা হয়েছে। পাশাপাশি নির্দেশনা অনুসরণ করা হচ্ছে। |
| ২.২ | সেবার মান বৃদ্ধিতে গতিশীলতা আনয়ন করতে হবে। সেবা গ্রহীতাদের প্রত্যাশা ও সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান নিশ্চিত করতে হবে। | সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত ১৮/০১/২০২৩ তারিখ মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করা হয়েছে। পাশাপাশি ডিসেম্বর/২২-ফেব্রুয়ারি/২৩ পর্যন্ত সময়ে ১৭টি প্রতিষ্ঠানকে স্বল্প সময়ে সেবা প্রদান করা হয়েছে। |
| ২.৩ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে। | গত ১৪ ডিসেম্বর, ২০২২ তারিখ হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে আপলোড ও প্রদর্শন করা হয়েছে। |
| ২.৪ | অধিদপ্তরের ওয়েবসাইটের প্রতিটি সেবা বক্স নিয়মিত হালনাগাদ রাখতে হবে। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী (ক) জাতীয় শুদ্ধাচার কৌশল, (খ) সিটিজেন চার্টার, (গ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, (ঘ) অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও (ঙ) তথ্য অধিকার এই ৫টি সেবাবক্স প্রস্তুতপূর্বক নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। এছাড়া অধিদপ্তরের কার্যক্রমের বিষয় সেবাবক্সসমূহ নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। |

০২। সভায় উপস্থিত অংশীজন (Stakeholder) নিম্নবর্ণিত মতামত প্রদান করেন :

- ইনসেপ্টা ফার্মাসিউটিক্যালস্ প্রতিনিধি বলেন, নতুন কোন ঔষধ উৎপাদনের পূর্বে স্টাডি করার উদ্দেশ্যে খুব সামান্য পরিমাণে কাঁচামাল আমদানীর ক্ষেত্রে ম্যানুফ্যাকচারিং এর জন্য লাইসেন্সে অন্তর্ভুক্ত করতে হয়। এক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা কার্যালয়, বিভাগীয় কার্যালয় হয়ে প্রধান কার্যালয়ের মাধ্যমে বিষয়টি নিষ্পন্ন করতে অনেক সময়ের প্রয়োজন হয়। কাজেই স্ট্যাডি ডেভেলপমেন্ট/রেফারেন্স স্ট্যান্ডার্ড করার ক্ষেত্রে বিদ্যমান প্রক্রিয়ার পরিবর্তে সরাসরি প্রধান কার্যালয়ে আবেদন করে পূর্বানুমতি নেয়ার সুযোগ রাখলে সময় সাশ্রয় হবে। বিষয়টি বিবেচনার জন্য অনুরোধ জানান।

- ওরিয়ন ফার্মাসিউটিক্যালস্ প্রতিনিধি বলেন, মাদকদ্রব্য জাতীয় কাঁচামাল আমদানীর পূর্বানুমতির জন্য চেকলিস্ট অনুযায়ী কাগজপত্র দিলেও অন্য প্রতিষ্ঠানের লাইসেন্স নবায়ন প্রক্রিয়াধীন থাকায় পুনরায় হালনাগাদ কাগজপত্র চাওয়া হয়। এক্ষেত্রে অন্যান্য প্রতিষ্ঠান থেকে হালনাগাদ কাগজপত্র পেতেও বিলম্ব হয়। তিনি লাইসেন্স নবায়ন ও মাদকদ্রব্য জাতীয় কাঁচামাল আমদানীর পূর্বানুমতির জন্য আবেদন দাখিলের সময় বিবেচনার অনুরোধ জানান। পরিচালক (প্রশাসন) জানান, চেকলিস্ট অনুযায়ী কাগজপত্র থাকলে লাইসেন্স নবায়ন বা পূর্বানুমতির ক্ষেত্রে বিলম্ব হয়না। তবে কিছু কিছু ক্ষেত্রে প্রস্তাব অনুমোদনের পর পত্র জারি হতে বিলম্ব হচ্ছে-যা কাম্য নয়। তিনি এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে দ্রুত পত্র জারির অনুরোধ জানান। সভাপতি বলেন, হালনাগাদ কাগজপত্র জমা না দিলে লাইসেন্স নবায়ন বা পূর্বানুমতি প্রদান করা যাবেনা। তবে মাদকদ্রব্য জাতীয় কাঁচামাল দ্বারা উৎপাদিত ঔষধ বিদেশে রপ্তানির ক্ষেত্রে সময় সাশ্রয় করা যায় কিনা-বিষয়টি বিবেচনার জন্য পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)-কে খতিয়ে দেখার নির্দেশনা প্রদান করেন।

- পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) বলেন, যেহেতু এটি মাদক জাতীয় কাঁচামাল। তাই পরিমাণ সামান্য হলেও এটিকে সহজভাবে দেখার সুযোগ নেই। বিধিমালা অনুযায়ী বিদ্যমান প্রক্রিয়া সম্পন্ন করেই পূর্বানুমতি গ্রহণ করতে হবে। আমাদের পরিধির মধ্যে যে বিষয়গুলো রয়েছে সেগুলো আলোচনার মাধ্যমে সমাধানের চেষ্টা করা হবে।

০৩। অত:পর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রম | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৩.১ | অধিদপ্তর কর্তৃক প্রদত্ত লাইসেন্স নবায়ন ও মাদকদ্রব্য জাতীয় কাঁচামাল আমদানীর পূর্বানুমতির জন্য সংশ্লিষ্ট বিধিমালা ও চেকলিস্ট অনুযায়ী কাগজপত্র সংযুক্ত করে আবেদন জমা দিতে হবে। হালনাগাদ কাজগপত্র না থাকলে লাইসেন্স নবায়ন বা পূর্বানুমতি প্রদান করা যাবেনা। | পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/ চিকিৎসা ও পুনর্বাসন) |
| ৩.২ | রেফারেন্স স্ট্যান্ডার্ড হিসেবে কাঁচামালের নমুনা আমদানীর পূর্বানুমতি/ছাড়পত্র প্রদানের বিদ্যমান প্রক্রিয়া সহজ করার উদ্দেশ্যে এবং মাদকদ্রব্য জাতীয় কাঁচামাল দ্বারা উৎপাদিত ঔষধ বিদেশে রপ্তানির ক্ষেত্রে সময় সাশ্রয় করা যায় কিনা-এ বিষয়ে পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন। | পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) |
| ৩.৩ | লক্ষ্যমাত্রা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে এবং ওয়েবসাইটে আপলোড করতে হবে। | পরিচালক (প্রশাসন)/ সহকারী প্রোগ্রামার |

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৩/২০২৩

(মো: আবদুল ওয়াহাব ভূঞা)
মহাপরিচালক (গ্রেড-১)।

নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৫.০২১-৭১৭

তারিখ: ০২ চৈত্র, ১৪২৯
১৬ মার্চ, ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ)।
২। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ ময়মনসিংহ/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,..........।
৮। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৯। সহকারী পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/অর্থ ও হিসাব/জনসংযোগ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন..........................।

১০। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। অফিস কপি।

(শামীম আহম্মেদ)
উপপরিচালক (প্রশাসন)